# ৬ দফা দাবিতে দেশজুড়ে অনির্দিষ্টকালের কর্মবিরতিতে স্বাস্থ্য সহকারীরা



সংগৃহীত ছবি

নিয়োগবিধি সংশোধন, পদোন্নতি ও বেতন বৈষম্য নিরসনসহ ছয় দফা দাবিতে দেশব্যাপী অনির্দিষ্টকালের কর্মবিরতি শুরু করেছেন স্বাস্থ্য সহকারীরা। শনিবার (৪ অক্টোবর) সকাল থেকেই দেশের বিভিন্ন জেলায় এ কর্মসূচি পালিত হচ্ছে।

রাজবাড়ীতে সকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের সামনে জেলায় কর্মরত স্বাস্থ্য সহকারীরা জড়ো হয়ে অবস্থান নেন। তাদের অভিযোগ, দীর্ঘদিন ধরে বারবার আশ্বাস দিলেও প্রশাসন দাবিগুলো বাস্তবায়ন করেনি। তারা হুঁশিয়ারি দেন—৬ দফা দাবি অবিলম্বে পূরণ না হলে টাইফয়েড টিকাদানসহ সব ধরনের স্বাস্থ্য কার্যক্রম বন্ধ থাকবে।

একই দাবিতে সাতক্ষীরাতেও কর্মবিরতিতে অংশ নিয়েছেন স্বাস্থ্য সহকারীরা। সকালে সদর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বাংলাদেশ হেলথ অ্যাসিস্ট্যান্ট অ্যাসোসিয়েশনের ব্যানারে কর্মসূচি পালন করেন তারা। বক্তারা জানান, একই কাজ করেও তারা বেতন বৈষম্যের শিকার হচ্ছেন। ছয় দফা দাবি পূরণ না হওয়া পর্যন্ত কেউ কাজে ফিরবেন না বলেও ঘোষণা দেন তারা।

অন্যদিকে, মাদারীপুরে টানা চতুর্থ দিনের মতো কর্মবিরতি পালন করছেন স্বাস্থ্য সহকারীরা। শনিবার সকাল ৯টা থেকে জেলার পাঁচটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে তারা অবস্থান নেন। এ সময় বক্তারা দ্রুত দাবি না মানলে আরও কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দেন।